# এই গ্রীষ্মে শিশুদের বই পড়ার অভ্যাস গড়ে তোলার ১০ টি সহজ উপায়

*পড়ুয়া শিশুরাই স্কুলে সফল হয় - তাই আপনার সন্তানের পড়া নিশ্চিত করুন!*

১. আপনার শিশুর জন্য নিকটস্থ পাবলিক লাইব্রেরী থেকে বিনামূল্যে লাইব্রেরী কার্ড সংগ্রহ করুন।
২. বিনামূল্যে মজাদার সব কর্মশালা, গল্প ও পাঠ প্রতিযোগিতা, কারুশিল্প এবং আরো অনেক গঠনমূলক অনুষ্ঠান উপভোগের জন্যে আপনার শিশুকে সামার রিডিং প্রোগ্রামে সাইন আপ করুন।
৩. প্রতিদিন আপনার শিশুর সাথে বই পড়ুন। ভ্রমণে, ডাক্তারের অফিসে অথবা কেনাকাটার লাইনে অপেক্ষার সময় সন্তানের সাথে বই পড়ার সুযোগ গ্রহন করুন।
৪. এক ঝুরি বই নিয়ে পড়তে চলে যান সূর্যের নিচে, সমুদ্রের পারের বালিতে, দীঘি কিংবা পুকুর পাড়ে।
৫. আপনি নিজে পড়ুন এবং আপনার সন্তানদের সাথে পড়ার অভিজ্ঞতা আলোচনা করুন। যেসব পরিবারে বই পড়ার অভিজ্ঞতা আলোচনা করার প্রবণতা থাকে সেইসব পরিবারের শিশুরাই পড়ুয়া হয়।
৬. প্রতি সপ্তাহে আপনার পরিবারের সবাইকে নিয়ে লাইব্রেরীতে আসুন।
৭. ইংরেজি ছাড়াও অন্য যেকোন ভাষার বই প্রয়োজন হলে লাইব্রেরীয়ানদের সাহায্য নিন!
৮. টেলিভিশনে অনুষ্ঠান দেখার সময় ক্লোজড ক্যাপশন ব্যাবহার করুন, যেন শিশুরা যেকথা শুনছে একই সাথে তা পড়তেও পারে।
৯. এই গ্রীষ্মে পরিবারের কে কি বই পড়ছে তার একটি তালিকা আপনার ফ্রিজে ঝুলিয়ে রাখুন।
১০. পাবলিক লাইব্রেরী থেকে বই নিয়ে পড়ে সারা বিশ্বকে জয় করুন। পছন্দের যেকোন বিষয়ের উপর পরিবারের সবাই মিলে পড়ুন এবং জানা-অজানা মজার সব তথ্য একে অপরের সাথে আদান-প্রদান করুন।

আরো তথ্যের জন্য নিচের সাইটে দেখুন
**www.summerreadingnys.org**

Summer Reading at New York Libraries প্রোগ্রামটি New York State Education Department এর Office of Cultural Education আয়োজিত, Federal Library Services and Technology Act এর তহবিল এবং Federal Institute of Museum and Library Services প্রেরিত New York State Library-র পুরস্কৃত তহবিল দ্বারা যৌথ ভাবে পরিচালিত।